



## মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

www.dhakaeducationboard.gov.bd

স্মারক নম্বর: প্রশাসন/

৫২৭

তারিখ: ০২/১১/২০২১ খ্রি.

বিষয়: বোর্ডের বিভিন্ন ধরনের আর্থিক লেন-দেন এবং এস এস সি পরীক্ষা-২০২১ এর ফরম পূরণ বাবদ আদায়কৃত অব্যয়িত অর্থ ফেরত প্রদানের জন্য সোনালী ব্যাংকে অনলাইন শাখায় একাউন্ট খোলা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে অত্র বোর্ডের আওয়তাহীন সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে জানানো যাচ্ছে যে, বোর্ডের প্রায় সকল ধরনের আর্থিক লেন-দেন এবং এস এস সি পরীক্ষা-২০২১ এর ফরম পূরণ বাবদ আদায়কৃত অব্যয়িত অর্থ ফেরত প্রদান সোনালী ব্যাংকের মাধ্যমে করা হবে। বোর্ডের বিভিন্ন ধরনের ফিস সংগ্রহ বা প্রয়োজনে প্রতিষ্ঠানকে কোন অর্থ প্রদান বা যেকোন ধরনের আর্থিক লেন-দেন সহজে ও সুষ্ঠুভাবে পরিচালনার জন্য প্রতিটি প্রতিষ্ঠানের নামে সোনালী ব্যাংকে একাউন্ট থাকা একান্ত জরুরী হয়ে পড়েছে। এক্ষেত্রে যেসকল প্রতিষ্ঠানের পূর্বেই ছবছ প্রতিষ্ঠানের ইংরেজি নামে সোনালী ব্যাংকের একাউন্ট আছে সেসকল প্রতিষ্ঠানের নতুন করে একাউন্ট করার প্রয়োজন নেই। তবে একাউন্টের নাম অবশ্যই প্রতিষ্ঠানের ইংরেজি নামে হতে হবে। বোর্ডের ওয়েবসাইটে প্রতিষ্ঠানের নাম যেভাবে ইংরেজিতে আছে ছবছ সেভাবেই একাউন্টের নাম নির্ধারণ করতে হবে অন্যথায় একাউন্ট নম্বর গ্রহণযোগ্য হবে না। তবে একাউন্ট করা থাকলে ছবছ প্রতিষ্ঠানের নামে করার জন্য ব্যাংকের মাধ্যমে সংশোধন করা যাবে।

এমতাবস্থায়, যেসকল প্রতিষ্ঠানের ইংরেজি নামে সোনালী ব্যাংকে একাউন্ট নেই তাদেরকে সত্বর সোনালী ব্যাংকে একাউন্ট খুলতে হবে এবং যেসকল প্রতিষ্ঠানের পূর্বেই প্রতিষ্ঠানের ছবছ ইংরেজি নামে একাউন্ট আছে উভয় প্রতিষ্ঠানকে আগামী ০৮/১১/২০২১ তারিখের মধ্যে বোর্ডের ওয়েবসাইটে নির্ধারিত প্যানেলের মাধ্যমে একাউন্ট নম্বরসহ অন্যান্য তথ্য প্রদান করার জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে। উল্লেখ্য, সোনালী ব্যাংক একাউন্ট খোলার ব্যাপারে সার্বিক সহযোগিতা করবে। বিষয়টি অতীব জরুরী।

চেয়ারম্যানের আদেশক্রমে

প্রফেসর তপন কুমার সরকার

সচিব

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

ফোন-০২-২২৩৩৬৯৮১৩

প্রতিষ্ঠান প্রধান

বোর্ডের আওয়তাহীন মাধ্যমিক পর্যায়ের

সকল শিক্ষা প্রতিষ্ঠান